



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩৯.২০১৯/০২৩৮/৭

তারিখ: ২৪/০৪/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন জনতা মহাবিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: বাবুল আক্তারের নাম কর্তনের বিষয়ে জবাব প্রেরণ।

সূত্র: ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৫.২০২০.৭১; তারিখ: ২১/০৩/২০২২খ্রি.

২. জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- INS02-1/00031/2016/5344/49189; তারিখ: ০৪/০১/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন জনতা মহাবিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: বাবুল আক্তার-এর শিক্ষাগত যোগ্যতার ত্রুটির কারণে বেতন-ভাতা স্থগিত করা হয়। স্থগিতকৃত বেতন-ভাতা ছাড়করণের জন্য বাবুল আক্তার মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯২৯৮/২০০৮ দায়ের করেন। রিট পিটিশন শুনানি শেষে মহামান্য হাইকোর্ট বিভাগ রুল খারিজ করেন। এছাড়া কলেজ কর্তৃপক্ষ বিগত ০৭/০১/২০০৯ তারিখে তাঁকে চাকুরি থেকে অব্যাহতি প্রদান করেন। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সূত্রোক্ত ০২ নং স্মারক মোতাবেক পত্রে চাকুরি হতে অব্যাহতি প্রদানের আদেশের বিরুদ্ধে আপনার দাখিলকৃত আপিল আবেদনের মেরিট না থাকায় আপিল আবেদনটি নামঞ্জুর করা হয়। সে প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত পত্রে জনাব বাবুল আক্তারের নিয়োগকালীন কাম্য যোগ্যতা না থাকায় তার এমপিও বাতিলের সুপারিশ করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের এমপিও কমিটির সিদ্ধান্তঃ “টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলাধীন জনতা মহাবিদ্যালয়ের প্রভাষক (হিসাববিজ্ঞান) জনাব বাবুল আক্তার এর নিয়োগকালীন কাম্য যোগ্যতা না থাকায় তার এমপিও বাতিল এবং তদস্থলে এনটিআরসিএ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত প্রভাষক জনাব মাহিদা আনোয়ারকে এমপিওভুক্ত করার জন্য সুপারিশ করা হলো।”

এমতাবস্থায়, টাঙ্গাইল জেলার জনতা মহাবিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: বাবুল আক্তার-এর জাতীয় বিশ্ববিদ্যালয়ের আপিল এন্ড আরবিট্রেশন বোর্ডের সিদ্ধান্ত এবং শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে কেন এমপিও থেকে তার নাম কর্তন করা হবেনা সে বিষয়ে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্দিষ্ট সময়ে জবাব প্রেরণ না করলে জবাব নেই বলে ধরে নেয়া হবে।

AKC/24.4.22
(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

জনতা মহাবিদ্যালয়

নাগরপুর, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, জনতা মহাবিদ্যালয়, নাগরপুর, টাঙ্গাইল;
- ৩। শিক্ষা কর্মকর্তা (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৪। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগরপুর, টাঙ্গাইল।
- ৬। জনাব মো: বাবুল আক্তার, বরখাস্তকৃত প্রভাষক (হিসাববিজ্ঞান), জনতা মহাবিদ্যালয়, নাগরপুর, টাঙ্গাইল;
(অধ্যক্ষের মাধ্যমে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের অনুরোধসহ)
- ৭। সংরক্ষণ নথি।